



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১৪৫২৫

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-০৯/১৩০২/১৬

তারিখ : ২৭/১২/২০১৬খ্রিঃ

বিষয় : সভাপতিপদ বাতিলসহ অনুমোদিত গভার্ণিং বডি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে।

- সূত্র : ১) নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-০৯/৩৭৭০/৩; তারিখঃ ০১/১২/২০১৬খ্রিঃ  
২) স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০২-১৬-৫০২; তারিখঃ ২৯/০৯/২০১৬খ্রিঃ  
৩) নং-বামাশিবো/প্রশা/কুড়িগ্রাম-০৯/৩৫১৩/৩; তারিখঃ ২৫/০৯/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলাধীন চর বারইটারী সিনিয়র মাদরাসার গভার্ণিং বডির শিক্ষক প্রতিনিধি-০৩ জন ও অভিভাবক সদস্য-০৩ জন বিভিন্ন কারণে স্বেচ্ছায় পদত্যাগ পত্র প্রদান করায় বিদ্যমান গভার্ণিং বডি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদানের জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ আবেদন করেন।

২) আবেদনের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সূত্রোক্ত ২নং স্মারকে একটি প্রতিবেদন প্রেরণ করেছেন। প্রতিবেদনে গভার্ণিং বডির ০৬ জন সদস্যের পদত্যাগের বিষয়টি প্রমানিত হয়।

৩) তদন্ত প্রতিবেদনের আলোকে গভার্ণিং বডির সদস্যগণের পদত্যাগ জনিত কারণে নিয়মিত সভা অনুষ্ঠানের কোরাম না থাকায় এ দপ্তর হতে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্নঙ্গ কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না মর্মে সূত্রোক্ত ১নং স্মারকে অধ্যক্ষ ও সভাপতিকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে সভাপতি কোন জবাব দাখিল করেননি। ভারপ্রাপ্ত সুপার এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে আবেদনপত্র দাখিল করেছেন।

বর্ণিত অবস্থায়-

ক) প্রতিষ্ঠানের স্বার্থে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ (২০১২ সাল পর্যন্ত সংশোধিত) এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১৫১৭/২/নথি নং- কুড়ি-০৯; তারিখঃ ১৫/০২/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত গভার্ণিং বডির সভাপতি পদ বাতিলসহ পূর্নঙ্গ কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো; এবং

খ) মাদরাসা পরিচালনা ও পরবর্তী নিয়মিত কমিটির লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো।

২৭/১২/১৬  
প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, চর বারইটারী সিনিয়র মাদরাসা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/ কুড়িগ্রাম-০৯/

তারিখ : / / ২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :

১. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
২. উপজেলা নির্বাহী অফিসার, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৩. জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
৪. সভাপতি/সদস্যবৃন্দ (ভেঙ্গে দেয়া গভার্ণিং বডি), চর বারইটারী সিনিয়র মাদরাসা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

২৭/১২/১৬  
মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪